

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশাসন শাখা  
গাইড হাউস (৭ম, ৯ম ও ১০ম তলা)  
নিউ বেইলী রোড, ঢাকা

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-৩৮০

তারিখ: ১৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ  
২৯ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন কাতলাসেন কাদেরিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ মুহাম্মদ দেলাওয়ার হোসেন-এর অবৈধ শিক্ষাগত যোগ্যতার সনদের মাধ্যমে অধ্যক্ষ পদে চাকুরী করা এবং নানা অনিয়ম, দুর্নীতি, ঘুষ বাণিজ্য ও অর্থ আত্মসাৎ ইত্যাদি অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত সংক্রান্ত।

সূত্র: মাশিঅ-এর ডকেট নং: ২৪৬৯৮; তারিখ: ২৬/১০/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন কাতলাসেন কাদেরিয়া কামিল মাদ্রাসার আজীবন দাতা সদস্য জনাব মুহা: আতাউর রহমান মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে ০১টি অভিযোগ পত্র প্রেরণ করেন। ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন কাতলাসেন কাদেরিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ মুহাম্মদ দেলাওয়ার হোসেন গত ১২/১০/২০২২ খ্রি. তারিখে যোগদান করে অধ্যক্ষ পদে অবৈধভাবে কর্মরত আছেন। এছাড়াও যোগদানকালীন তিনি ফায়িল ও কামিল এর জাল সনদ ব্যবহার করে আরো ০৪ টি বেসরকারি মাদ্রাসায় চাকুরী করেছেন এবং তার বিরুদ্ধে নানা অনিয়ম, দুর্নীতি, ঘুষ বাণিজ্যসহ অর্থ আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগে উল্লেখ করেছেন। এমতাবস্থায়, অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তের জন্য মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নিয়োক্ত কর্মকর্তাগণ-কে তদন্তপূর্বক ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল                              | কমিটিতে অবস্থান |
|-----------|--------------------------------------------------------------|-----------------|
| ০১        | জনাব মোঃ চাঁদ মিয়া, উপ-পরিচালক (প্রশিক্ষণ)                  | আহ্বায়ক        |
| ০২        | জনাব মোঃ বুলবুল আহমেদ, সহকারী পরিচালক (খুলনা)                | সদস্য           |
| ০৩        | জনাব বেনজীর আহমেদ, সহকারী পরিচালক (ডাক গ্রহণ ও বিতরণ উপশাখা) | সদস্য-সচিব      |

০২। বর্ণিত কর্মকর্তাগণ দায়িত্ব পালনের জন্য বিধি অনুযায়ী টিএ/ডিএ (TA/DA) প্রাপ্য হবেন।

সংযুক্তি: ০৫ পাতা (বর্ণনা মতে)

  
২৯/১০/২০২৬

মোঃ শামিউল ইসলাম প্রামানিক  
উপ-পরিচালক (প্রশাসন)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

- ০১। জনাব মোঃ চাঁদ মিয়া, উপ-পরিচালক (প্রশিক্ষণ)  
০২। জনাব মোঃ বুলবুল আহমেদ, সহকারী পরিচালক (খুলনা)  
০৩। জনাব বেনজীর আহমেদ, সহকারী পরিচালক (ডাক গ্রহণ ও বিতরণ উপশাখা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

অনুলিপি/সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত সচিব (মাদ্রাসা)/প্রশাসন ও অর্থ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।  
০২। সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।  
০৩। সভাপতি/অধ্যক্ষ, কাতলাসেন কাদেরিয়া কামিল মাদ্রাসা, ময়মনসিংহ (তদন্ত কমিটিকে সহায়তার অনুরোধসহ)।  
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।  
০৫। সংরক্ষণ নথি।